গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
বরগুনা সদর, বরগুনা
www.aclsadar.barguna.gov.bd

স্মারক নং-৩১.১০.০৪২৮.০০১.০২.০০২.২৪-৩১৪

তারিখ : ১৩ ফাল্গুন ১৪৩২
২৬ ফেব্রুয়ারি ২০২৬

**"জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে আবেদন আহ্বানের বিজ্ঞপ্তি"**

এতদ্বারা প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আওতায় বরগুনা জেলার বরগুনা সদর উপজেলার ইজারাযোগ্য ২০.০০ একর পর্যন্ত আয়তন বিশিষ্ট নিম্ন তফসিলভুক্ত বদ্ধ-জলমহালসমূহ বাংলা ১৪৩৩ সাল হতে ১৪৩৫ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে ম্যানুয়াল পদ্ধতিতে প্রকৃত মৎস্যজীবী সমবায় সংগঠন/সমিতি এর অনুকূলে ইজারা প্রদানের জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে। এ বিষয়ে বিস্তারিত তথ্যাদি www.aclsadar.barguna.gov.bd এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের www.sadar.barguna.gov.bd ওয়েবসাইটেও পাওয়া যাবে।

**উপজেলা ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০.০০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ জলমহাল ব্যবস্থাপনার সিডিউল:**

| ক্রমঃ | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১ | ১৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ (০১.০৩.২০২৬ খ্রিস্টাব্দ) হতে ১৭ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ (৩১.০৩.২০২৬ খ্রিস্টাব্দ) তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময় | আবেদন বিক্রয় ( উপজেলা নির্বাহী অফিস, বরগুনা সদর ও উপজেলা ভূমি অফিস, বরগুনা সদর হতে সংগ্রহ করা যাবে)। |
| ০৩ | ১৮ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ (০১.০৪.২০২৬ খ্রিস্টাব্দ) তারিখ অফিস চলাকালীন সময় | ম্যানুয়াল পদ্ধতিতে ইজারার আবেদন ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে সদর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ০৪ | ১৯ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ (০২.০৪.২০২৬ খ্রিস্টাব্দ) তারিখ বেলা ১১:০০ টা | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ০৭ | ২২ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ (০৫.০৪.২০২৬ খ্রিস্টাব্দ) হতে ২৬ চৈত্র ১৪৩২ (০৯.০৪.২০২৫ খ্রিস্টাব্দ) তারিখ অফিস চলাকালীন সময় | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারা মূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ০৮ | ০১ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ (১৪.০৪.২০২৬ খ্রিস্টাব্দ) | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

**০৩(তিন) বছর মেয়াদী ১৪৩৩ বঙ্গাব্দ হতে ১৪৩৫ বঙ্গাব্দের জন্য ইজারাযোগ্য জলমহালের তালিকা:**

| ক্রঃ | ইউনিয়নের নাম | ইজারাযোগ্য জলমহালের নাম | জেএল/মৌজার নাম | হাল দাগ নং | জমির পরিমাণ (একর) | সরকারি ইজারা মূল্য | ইজারা মেয়াদ (বাংলা) |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | বদরখালী | বদরখালী মীর শাহআলম বাড়ী পুকুর | ০৫ নং বদরখালী | ৭৫২(এস.এ) | ০.০২ | ১০০০.০০ | ১৪৩২-১৪৩৪ |
| ২. | গৌরিচন্না | আমতলী খাল | ০৭ নং আমতলী | ১ (এস.এ) | ১.২৭ | ১০০০০.০০ | ঐ |
| ৩. | আয়লা পাতাকাটা | গাবতলী খাল | ১৮ নং গাবতলী | ৫২০২ (বিএস) | ১.৯২ | ১৫০০০.০০ | ঐ |
| ৪. | ঐ | কেওড়াবুনিয়া খাল | ১৮ নংগাবতলী | ৬০২০ (বিএস) | ১.৫৯ | ১০০০০.০০ | ঐ |
| ৫. | বুড়িরচর | ছোট লবনগোলা খাল | ২৬ নং ছোট লবনগোলা | ১৫৪৪, ১৯৪৪ (এস.এ) | ১৩.৬৯ | ১৬০০০০.০০ | ঐ |
| ৬. | ঐ | চর চরকগাছিয়া খাল | ২৪ নং চর চরকগাছিয়া | ৫২৮৯/৬৩২০, ৬০৫১, ৬২৩৭ (এস.এ) | ৮.৫৬ | ৮০০০০.০০ | ঐ |
| ৭. | ঐ | সোনাখালী খাল | ২৭ নং কড়ইতলা মাইঠা | ১৬৩০, ১৭০৮ (এস.এ) | ৬.৩০ | ৭০০০০০.০০ | ঐ |
| ৮. | ঐ | চালিতাতলী খাল | ২৯ নং সোনাতলা | ৫৯৮, ৬১২, ৬১৪, ৬১৯ (এস.এ) | ৪.১৬ | ৫০০০০.০০ | ঐ |
| ৯. | ঐ | গোলবুনিয়া খাল | ২৮ নং বড় লবনগোলা | ৩১২১, ৩২৪১ (এস.এ) | ৪.১৫ | ৫০০০০.০০ | ঐ |
| ১০. | ঐ | কড়ইতলা খাল | ২৭ নং কড়ইতলা মাইঠা | ৪৭৪, ৫৮৫, ৫৮৬ (এস.এ) | ৩.৯৬ | ৩০০০০.০০ | ঐ |
| ১১. | ঐ | নাপিতখালী খাল | ২৫ নং নাপিতখালী | ২২৩৫(এস.এ) | ৩.১৪ | ২৫০০০.০০ | ঐ |
| ১২. | ঐ | আমলামুরির খাল | ২৭ নং কড়ইতলা মাইঠা | ৪১৮৬ (এস.এ) | ১.২০ | ৬০০০.০০ | ঐ |
| ১৩. | ঐ | বাওয়ালী পুকুর | ২৭ নং কড়ইতলা মাইঠা | ১৫১৩(এস.এ) | ০.১৯ | ৫০০০.০০ | ঐ |
| ১৪. | ঐ | সোনাতলা পুকুর | ২৯ নং সোনাতলা | ১২২(এস.এ) | ০.০৪ | ২০০০.০০ | ঐ |
| ১৫. | ঢলুয়া | নলী পুকুর | ৩৭ নং নলী | ৬৫৩ (এস.এ) | ০.৪৭ | ৬০০০.০০ | ঐ |
| ১৬. | ঐ | পোটকাখালী পুকুর | ৩৪ নং পোটকাখালী | ১৯৯(এস.এ) | ০.৪২ | ৫০০০.০০ | ঐ |
| ১৭. | ঐ | ডালভাঙ্গা পুকুর-১ | ৩৫/৫১ নং ডালভাঙ্গা | ২৮৮(এস.এ) | ০.৪২ | ৪০০০.০০ | ঐ |
| ১৮. | ঐ | ঢলুয়া পুকুর | ৩৫ নং ঢলুয়া | ৪৫৮ (এস.এ) | ০.৫৫ | ৫০০০.০০ | ঐ |
| ১৯. | ঐ | খাজুরা পুকুর | ৩৫/৫০ নং খাজুরতলা | ৪৪৭(এস.এ) | ০.২৩ | ৩০০০.০০ | ঐ |
| ২০. | ঐ | ডালভাঙ্গা পুকুর-২ | ৩৫/৫১ নং ডালভাঙ্গা | ১৯৬৮(এস.এ) | ০.৬৬ | ৪০০০.০০ | ঐ |
| ২১. | ঐ | নলী পুকুর | ৩৭ নং নলী | ২৪২ (এস.এ) | ০.২৩ | ৩০০০.০০ | ঐ |
| ২২. | ঐ | নলী পুকুর | ৩৭ নং নলী | ১১৮৬ (এস.এ) | ০.১৩ | ৩০০০.০০ | ঐ |
| ২৩. | বরগুনা সদর | চরকগাছিয়া পুকুর-১ | ৩৬ নং চরকগাছিয়া | ৩১২(এস.এ) | ০.৪২ | ৪০০০.০০ | ঐ |
| ২৪. | ঐ | হেউলিবুনিয়া পুকুর | ৩১ নং হেউলিবুনিয়া | ৬৫৩, ৪৮৭ (এস.এ) | ০.৯৯ | ৬০০০.০০ | ঐ |
| ২৫. | ঐ | চরকগাছিয়া পুকুর-২ | ৩৬ নং চরকগাছিয়া | ১৪৮৮(এস.এ) | ০.৪২ | ৪০০০.০০ | ঐ |
| ২৬. | এম.বালিয়াতলী | অ্যাড.মজিবুর রহমান মজিদ এর বাড়ির পুকুর | ৩২ নং মাইঠা | ২০৭১(এস.এ) | ১.৩১ | ৭০০০.০০ | ঐ |
| ২৭. | ঐ | শাহজাহান মাস্টার বাড়ীর খাস পুকুর | ৩২ নং মাইঠা | ২৮২৬(এস.এ) | ০.৭৫ | ৫০০০.০০ | ঐ |
| ২৮. | ঐ | শাহজাহান মল্লিক বাড়ি খাস পুকুর | ৩২/৫২ নং নিমতলী আজিজাবাদ | ৯৪৩(এস.এ) | ০.৪৪ | ৫০০০.০০ | ঐ |
| ২৯. | নলটোনা | দুলাল দাসের বাড়ির খাস পুকুর | ৪৫ নং রক্ষাচন্ডী | ৯৮৬(এস.এ) | ০.৩৩ | ৪০০০.০০ | ঐ |
| ৩০. | ঐ | রাখাল চন্দ্র মিস্ত্রি বাড়ির খাস পুকুর | ৪৫ নং রক্ষাচন্ডী | ৯৮৯(এস.এ) | ০.১৮ | ৪০০০.০০ | ঐ |

**শর্তাবলী:**

১. নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি বা সমবায় অধিদপ্তরের নিবন্ধিত, সে সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবেন। কোন সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতীত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্যথাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহে, তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না। কোন ব্যক্তি বা নিবন্ধন বিহীন সংগঠন আবেদন করতে পারবেন না। অনলাইনে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

২. বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা এর অনুকূলে জামানত হিসেবে আবেদনকারী নিবন্ধিত সমিতি তার আবেদনের সাথে দাখিল করবেন। লিজ প্রাপ্ত সমিতির শেষ বছরের লিজ মানির সাথে উক্ত টাকা সমন্বয় করতে হবে।

৩. কাঙ্খিত ইজারা মূল্যের কম মূল্য কোন ভাবেই গ্রহণযোগ্য হবে না।

৪. উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তমতে নির্ধারিত কর্মদিবসের মধ্যে বন্দোবস্ত/ইজারা প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি কর্তৃক জলমহাল বা পুকুর ইজারার সমুদয় অর্থ ১-৪৬৩১-০০০০-১২৬১ নং কোডে, ১৫%ভ্যাট/মূল্য সংযোজন কর ১-১১৩৩-০০১৮-০৩১১ নং কোডে এবং ১০% আয়কর ১-১১৪১-০০৭০-০১১১ নং কোডে চালানের মাধ্যমে প্রদান করতে হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। সম্পূর্ণ টাকা পরিশোধের পর ৩০০/- টাকার নন জুডিসিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তি সম্পাদনপূর্বক জলমহালের দখল নির্বাচিত ইজারাদারকে বুঝিয়ে দেয়া হবে। তবে জলমহালের বর্তমান আয়তন বা দখলনামায় উল্লিখিত আয়তনের মধ্যে তারতম্য হলেও কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

৫. আবেদন দাখিলের পূর্বেই সরেজমিনে জলমহালের তফসিল, অবস্থান ও আয়তন যাচাই করে ইজারা কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। এ বিষয়ে পরবর্তীতে আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৬. যে সকল মৎস্যজীবী সংগঠন/সমিতি এর নিকট কোন জলমহালের ইজারার অর্থ বকেয়া আছে অথবা সার্টিফিকেট মোকদ্দমা/অন্য মোকদ্দমা রুজু করা হয়েছে সে সকলল সংগঠন/সমিতি দরপত্র কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না।

৭. কোন ক্রমেই জলমহাল সাব-লিজ দেয়া যাবে না। সাব-লিজ দেয়া হলে ইজারা বাতিলসহ জমাকৃত সমুদয় অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। উক্ত লিজ গ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

৮. জলমহাল ইজারার মেয়াদ ০১ বৈশাখ থেকে শুরু হবে এবং বছরের যে কোন সময় জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ০১ বৈশাখ হতে কার্যকর হবে এবং একই বছরের ৩০ চৈত্র তারিখে তা শেষ হবে। এ সময়ের মধ্যে কোন কারণে খাস কালেক্শন করা হয় তবে তা সরকারি খাতে জমা হবে।

৯. ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহীতার কোন প্রকার দাবী/অধিকার/স্বত্ব থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকার, স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার তথা সরকারের নিকট ন্যস্ত হবে। ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা যাবে না।

১০. ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না। রাক্ষুসে মাছ চাষ করা যাবে না। বর্ষা মৌসুমে ইজারাকৃত জলমহাল প্লাবন ভূমির সাথে প্লাবিত হয়ে একক জলাশয়ে রূপ নিলে ইজারাদারের মৎস্য আহরণ অধিকার কেবল ইজারাকৃত জলাশয়ের/জলমহালের সীমানার ভিতর সীমাবদ্ধ থাকবে।

১১. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন/সমিতি এর অনুকূলে সর্বোচ্চ ০২(দুই) টি জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রদান করা যাবে।

১২. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ সহ ইজারা সংক্রান্ত সকল নীতিমালা/বিধি-বিধান/পরিপত্র মেনে চলতে হবে। অন্যথায় ইজারা বাতিলসহ জমাকৃত সমুদয় অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

১৩. কর্তৃপক্ষ যে কোন কিংবা সকল আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই গ্রহণ কিংবা বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

২৬.০২.২৬

মোঃ মাহমুদুল হাসান
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বরগুনা সদর, বরগুনা।

স্মারক নং-৩১.১০.০৪২৮.০০১.০২.০০২.২৪-৩১৪

তারিখ : ১৩ ফাল্গুন ১৪৩২ / ২৬ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি (সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে):

১. জেলা প্রশাসক, বরগুনা।
২. প্রশাসক, বরগুনা পৌরসভা, বরগুনা।
৩. প্রশাসক, উপজেলা পরিষদ, বরগুনা সদর, বরগুনা।
৪. উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা।
৫. উপজেলা ..................... কর্মকর্তা, বরগুনা সদর, বরগুনা।
৬. সহকারী প্রোগ্রামার, আইসিটি, বরগুনা (বিজ্ঞপ্তিটি বরগুনা জেলার ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৭. চেয়ারম্যান, ................. ইউপি, বরগুনা সদর, বরগুনা।
৮. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ................... ইউনিয়ন ভূমি অফিস, বরগুনা সদর, বরগুনা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য)।
৯. সভাপতি/সম্পাদক, ..........................................................................
১০. নোটিশ বোর্ড।

২৬.০২.২৬

মোঃ মাহমুদুল হাসান
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বরগুনা সদর, বরগুনা
ফোন: ০১৭৩৩৩৪৮১৩০
e-mail: aclsadar.barguna@gmail.com